# বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন

(শিল্প মন্ত্রণালয়ের একটি সংস্থা)

উৎকর্ষতাই আমাদের লক্ষ্য


ইটিএল

সিএফএল, এলইডি ও টিউব লাইট

ইসিএল

বৈদ্যুতিক তার

এনটিএল

এপিআই, জিআই, এমএস পাইপ

এবিএল

মোটর সাইকেল

গাজী ওয়্যারস্


তামার তার (এসইসি, এসি, এইচ ডিবিসি)

জিইএমকো

ট্রান্সফরমার

পিআইএল

জীপ, বাস, ট্রাক

বিবিএফএল

শেভিং ব্লেড রেজর

ঢাকা স্টীল ওয়ার্কস লিঃ

এম এস রড ও বার সামগ্রী


স্মারক নং-৩৬.৯৩.০০০০.০১৭.২৭.০০৩.১৮. ৭৫০(২)

তারিখ: ১২-০১-২০২১

বিষয়: চাকুরী হইতে অপসারণের আদেশ।

আপনি জনাব কায়কোবাদ আল মামুন, প্রগতি ইন্ডাস্ট্রিজ লি:, চট্টগ্রাম-এ উপ-প্রধান প্রকৌশলী(যান্ত্রিক) পদে নিয়োজিত আছেন।

এবং

যেহেতু, আপনি জনাব কায়কোবাদ আল মামুন, উপ-প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), প্রগতি ইন্ডাস্ট্রিজ লি:, চট্টগ্রাম, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশনের প্রধান কার্যালয় এবং এর নিয়ন্ত্রণাধীন ঢাকা, টংগী ও চট্টগ্রামে অবস্থিত শিল্প প্রতিষ্ঠানসমূহে প্রকৌশলীর শূন্য পদে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন করেন। উক্ত পদে নিয়োগের জন্য বিগত ০২-০৩-২০১১ তারিখে বিএসইসি'র ওয়েব সাইট এবং ০৭ই মার্চ ২০১১ তারিখ "দৈনিক কালের কন্ঠ" পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রকৌশলী পদে নিয়োগের জন্য ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পাশসহ ১০ বছরের চাকুরীর অভিজ্ঞতার শর্ত উল্লেখ ছিল। কিন্তু আপনি জনাব কায়কোবাদ আল মামুন ২০০৬ সালে আগষ্ট-সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় অংশগ্রহনপূর্বক পাশ করিয়া চাকুরীর আবেদনপত্রে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পাশের সন ২০০১ উল্লেখপূর্বক মিথ্যা তথ্য সরবরাহ করিয়া ১০ বছরের চাকুরীর ভূয়া অভিজ্ঞতা প্রদর্শনপূর্বক নিয়োগ পত্র পান এবং গত ১৭-১১-২০১১ তারিখ প্রকৌশলী পদে যোগদান করেন।

এবং

যেহেতু, আপনি জনাব কায়কোবাদ আল মামুন ফরিদপুর পলিটেকনিক ইনষ্টিটিউট হইতে ২০০১ সালে অনুষ্ঠিত চূড়ান্ত পরীক্ষায় অংশ গ্রহণ করিয়া ১(এক) বিষয়ে রেফার্ড পান এবং ২০০৬ সালের আগষ্ট-সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং(পাওয়ার টেকনোলোজি) পরীক্ষায় অংশগ্রহন করিয়া দ্বিতীয় বিভাগে উর্ত্তীণ হন এবং ২০০৭ সালে সনদ সংগ্রহপূর্বক ২৯-০৩-২০১১ তারিখে প্রকৌশলী পদে চাকুরীর জন্য আবেদন করেন। আবেদনের সময় আপনার চাকুরীর অভিজ্ঞতা ছিল ৩ বৎসর ৯ মাস ১৬ দিন।

এবং

যেহেতু, আপনি জনাব কায়কোবাদ আল মামুন নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পাশসহ ১০(দশ) বছরের বাস্তব অভিজ্ঞতার সনদসহ আবেদন করেন নাই। আপনি ২০০৬ সালে আগষ্ট-সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় অংশগ্রহন করিয়া ২০০৭ সালে উত্তীর্ণ হন এবং ২৯-০৩-২০১১ ইং তারিখে চাকুরীর জন্য আবেদন করেন এবং আবেদনে ৩ বৎসর ৯ মাস ১৬ দিনের বাস্তব অভিজ্ঞতাকে প্রতারনার মাধ্যমে ভূয়া অভিজ্ঞতা ১০ বছর উল্লেখ করেন।

এবং

যেহেতু, আপনি জনাব কায়কোবাদ আল মামুন চাকুরীতে নিয়োগ প্রাপ্তির পর পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, ফরিদপুর কর্তৃক ইস্যুকৃত পুলিশ ভেরিফিকেশন রির্পোটে (ভি.আর প্রতিবেদন) দেখা যায় যে, আপনি ২০০৬ সালে আগষ্ট-সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় অংশগ্রহন করিয়া পাশ করেন, কিন্তু চাকুরীর আবেদনপত্রে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পাশের সন ২০০১ উল্লেখ করেন।

এবং

যেহেতু, আপনি জনাব কায়কোবাদ আল মামুন, উপ-প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), প্রগতি ইন্ডাস্ট্রিজ লি:, চট্টগ্রাম এর এহেন কার্যকলাপ বিএসইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ অনুযায়ী অসদাচরণ ও প্রতারণার পর্যায়ভুক্ত বিধায় বিষয়টি বিএসইসির চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ এর ৩৮(খ) ও (চ) ধারা অনুযায়ী দন্ডযোগ্য অপরাধ।

এবং

যেহেতু আপনি জনাব কায়কোবাদ আল মামুন, উপ-প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), প্রগতি ইন্ডাস্ট্রিজ লি:, চট্টগ্রামকে উল্লেখিত প্রতারণার অভিযোগে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং আপনি কারণ দর্শানোর জবাব দাখিল করিয়াছেন। আপনার কারণ দর্শানোর জবাব সন্তোষজনক বিবেচিত হয় নাই। ফলে কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-১/২০২০/৩৩৩ তারিখ: ১০-০৮-২০২০ খ্রি. দায়ের করে।

এবং

যেহেতু, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশনের প্রশাসনিক ক্ষমতা পুন:বিন্যাসের ৬(i) (ii) মোতাবেক চেয়ারম্যানের অনুমোদনক্রমে প্রধান ব্যক্তিপ্রশাসন কর্মকর্তা আপনার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করেন।


ঠিকানা ঃ বিএসইসি ভবন, ১০২ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫। ফোন ঃ +৮৮-০২-৯১১৫১৪৪, +৮৮-০২-৯১৪১০৭৩ ফ্যাক্স ঃ +৮৮-০২-৮১৮৯৬৪২
ওয়েবসাইট ঃ www.bsec.gov.bd, ই-মেইল ঃ bsecheadoffice@gmail.com, info@bsec.gov.bd

Kaikobad letter.docx

# বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন

(শিল্প মন্ত্রণালয়ের একটি সংস্থা)

উৎকর্ষতাই আমাদের লক্ষ্য

ইটিএল

সিএফএল, এলইডি ও টিউব লাইট

ইসিএল

বৈদ্যুতিক তার

এনটিএল

এপিআই, জিআই, এমএস পাইপ

এবিএল

মোটর সাইকেল

গাজী ওয়্যারস্

তামার তার (এসইসি, এসি, এইচ ডিবিসি)

জিইএমকো

ট্রান্সফরমার

পিআইএল

জীপ, বাস, ট্রাক

বিবিএফএল


শেভিং ব্লেড রেজর

ঢাকা স্টীল ওয়ার্কস লিঃ

এম এস রড ও বার সামগ্রী

এবং

যেহেতু আপনি জনাব কায়কোবাদ আল মামুন, উপ-প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), প্রগতি ইন্ডাষ্ট্রিজ লি:, চট্টগ্রাম উক্ত অভিযোগনামার জবাব দাখিল করেন। আপনার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায়, ঘটনার তদন্তের জন্য জনাব মো: নাজমুল হক প্রধান, প্রধান প্রকৌশলী, নির্মাণ ও প্রকৌশল বিভাগ, বিএসইসিকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত শেষে প্রতিবেদন দাখিল করেন।

এবং

যেহেতু, উক্ত তদন্ত প্রতিবেদনে বিএসইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৯ এর ৩ এর ২ ধারা প্রতিপালিত না হওয়ায় আপনার নিয়োগ অবৈধ মর্মে উল্লেখ করিয়াছেন। যেহেতু আপনি ২০০৬ সালে আগষ্ট-সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় অংশগ্রহনপূর্বক পাশ করিয়া চাকুরীর আবেদনপত্রে ২001 উল্লেখ করিয়া ১০(দশ) বছরের ভূয়া অভিজ্ঞতা প্রদর্শন করিয়া প্রতারণাপূর্বক মিথ্যা তথ্য প্রদান করার কারনে আপনি অসদাচরণ এবং প্রতারণার দায়ে দোষী মর্মে তদন্ত কর্মকর্তা মতামতে উল্লেখ করিয়াছেন। ফলে বিএসইসি কর্মচারী চাকুরি প্রবিধানমালা- ১৯৮৯ এর ৩৯ এর ১(খ) এর (ঈ) অনুযায়ী কেন আপনাকে চাকুরী হইতে বরখাস্ত করা হইবেনা বা অন্য কোন শাস্তি প্রদান করা হইবেনা তাহার লিখিত জবাব পত্র প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে চেয়ারম্যান, বিএসইসি বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হয় এবং তদন্ত প্রতিবেদনের কপি আপনার বরাবর প্রেরণ করা হয়।

এবং

যেহেতু, আপনি জনাব কায়কোবাদ আল মামুন, উপ-প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), প্রগতি ইন্ডাষ্ট্রিজ লি:, চট্টগ্রাম উক্ত কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব দাখিল করিয়াছেন। আপনার লিখিত জবাব পর্যালোচনান্তে সন্তোষজনক বিবেচিত হয় নাই।

সেহেতু আপনি জনাব কায়কোবাদ আল মামুন, উপ-প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), প্রগতি ইন্ডাষ্ট্রিজ লি:, চট্টগ্রাম এর বিরুদ্ধে বিএসইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৯ এর ৩৮ এর (খ) এবং (চ) এর প্রতারণাপূর্বক মিথ্যা তথ্য প্রদান করিয়া চাকুরীতে নিয়োগ প্রাপ্তির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হওয়ায় একই প্রবিধানমালার ৩৯(১)(খ)(ই) অনুযায়ী বিএসইসি'র ১/২০২১(৬০৭) (তারিখ- ০৭.০১.২০২১ অনুষ্ঠিত)তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক আপনাকে চাকুরী হইতে অপসারণ করা হইল ।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

22.01.2022

(মো: রইছ উদ্দিন)
চেয়ারম্যান (গ্রেড-১)

বর্তমান ঠিকানা
জনাব কায়কোবাদ আল মামুন
উপ-প্রধান প্রকৌশলী (যান্ত্রিক)
প্রগতি ইন্ডাষ্ট্রিজ লি:
চট্টগ্রাম

স্থায়ী ঠিকানা
জনাব কায়কোবাদ আল মামুন
পিতা: আবুল কাশেম শিকদার
গ্রাম: মাইটকুমরা, ডাকঘর-শেখর
থানা: বোয়ালমারী, ফরিদপুর।

অনুলিপি:
১। পরিচালক (সকল), বিএসইসি, ঢাকা।
২। সচিব, বিএসইসি, ঢাকা।
৩। হিসাব নিয়ন্ত্রক, বিএসইসি, ঢাকা।
৪। প্রধান ব্যক্তিপ্রশাসন কর্মকর্তা, বিএসইসি, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রগতি ইন্ডাষ্ট্রিজ লি:, চট্টগ্রাম।
৬। অফিস কপি।
৭। ব্যক্তিগত নথি।